



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বন্দ্র ও পাট মন্ত্রণালয়  
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
কমন সার্ভিস শাখা




সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	সৈয়দ মোস্তাক হাসান পরিচালক(প্রশাসন)
সভার তারিখ	০২-১২-২০২১
সভার সময়	বেলা ১০.০০
স্থান	বোর্ডের সভাকক্ষ
উপস্থিতি	(পরিশিষ্ট 'ক')

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ প্রশাসনে স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নাগরিকগণকে সেবা প্রদান সম্পর্কিত বিষয়ে লিখিত প্রতিশ্রুতিই হল সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেনস্ চার্টার। সেবা প্রদান প্রতিশ্রুতি হল নাগরিক এবং সেবাদাতাদের মধ্যকার একটি চুক্তি (agreement)। একটি প্রতিষ্ঠানের সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা সিটিজেনস্ চার্টারে বিবৃত থাকে। সেবা প্রদান প্রতিশ্রুতি সরকারের দায়বদ্ধতা, স্বচ্ছতা ও সেবা প্রদানের মানসিকতা নিশ্চিত করে। সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি আরও বলেন, ইতোপূর্বের সভা গুলোতে অত্র বোর্ডের সিটিজেনস্ চার্টার উপস্থাপন করে বিস্তারিত আলোচনা করা হয়েছে। সিটিজেনস্ চার্টার এর ফোকাল পয়েন্ট জনাব মোঃ নাসির উদ্দীন সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ধারণা, দক্ষতা, সম্পৃক্ততা ও সচেতনতা বৃদ্ধি বিষয়ক আলোচনা করেন এবং বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ সভায় উপস্থাপন করেন।

কার্যক্রমের ক্ষেত্র	মান	কার্যক্রম	প্রমাণক	বাস্তবায়নের সময় ও বাস্তবায়নকারী
প্রাতিষ্ঠানিক	১৩	[১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	বাস্তবায়ন প্রতিবেদন	ষান্মাসিক ভিত্তিতে, সংশ্লিষ্ট কমিটি এবং প্রশাসন বিভাগ
		[১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	ওয়েব সাইটে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি	ত্রৈমাসিক ভিত্তিতে, ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট এবং প্রশাসন বিভাগ
সক্ষমতা অর্জন	১২	[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণ আদেশ, আলোচ্যসূচী, প্রশিক্ষণার্থীদের তালিকা	ষান্মাসিক ভিত্তিতে, ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট এবং প্রশাসন বিভাগ
		[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	সভার কার্যবিবরণী	ত্রৈমাসিক ভিত্তিতে, ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট এবং প্রশাসন বিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



সৈয়দ মোস্তাক হাসান  
পরিচালক(প্রশাসন)


স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৮.১৬.০০২.২০.৮৭

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৮

১৪ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২) প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৩) নির্বাহী প্রকৌশলী/উপ প্রধান নিরীক্ষক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ-পরিচালক(বীজ)/উপ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৪) জনসংযোগ কর্মকর্তা/সহকারী পরিচালক (প্রশাসন / কমন সার্ভিস), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৫) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।



সৈয়দ মোস্তাক হাসান  
পরিচালক